**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
**হাইড্রোকার্বন ইউনিট**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৮৩৯১১৬৩; ই-মেইলঃhcu@hcu.org.bd, ওয়েবঃwww.hcu.gov.bd

# প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ - এর কর্মসম্পাদন সূচক ২.১.১ [ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখা] অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের ২য় ত্রৈমাসিক (০১ অক্টোবর, ২০২৩ - ৩১ ডিসেম্বর, ২০২৩) এ হাইড্রোকার্বন ইউনিট এ ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটবেজ হালনাগাদ করা হয়েছে, হালনাগাদ ডাটাবেজ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং ডাটাবেজের সেবাসমূহ চালু রয়েছে।

মহাপরিচালক
হাইড্রোকার্বন ইউনিট

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
**হাইড্রোকার্বন ইউনিট**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-৮৩৯১১৬৩; ই-মেইলঃhcu@hcu.org.bd, ওয়েবঃwww.hcu.gov.bd

## ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবার তালিকা।

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | অনলাইন সেমিনার রেজিস্ট্রেশন | হাইড্রোকার্বন ইউনিট দেশের জ্বালানি সংক্রান্ত বিভিন্ন সমসাময়িক বিষয় নিয়ে প্রতি বছর সেমিনার /ওয়ার্কশপ আয়োজন করে থাকে। সেমিনারগুলোর আউটকাম নিয়ে পরবর্তীতে জ্বালানি সংক্রান্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পাদনের জন্য হাইড্রোকার্বন ইউনিট অনলাইন সেমিনার রেজিস্ট্রেশন সিস্টেম চালু করেছে, যেখানে সেমিনারে অংশগ্রহণকারী সকলের নাম, মোবাইল, মেইল আইডি সংরক্ষিত থাকে। | কার্যকর আছে | পাচ্ছে | www.hcu.gov.bd | |
| ০১. | এনার্জি ক্যালকুলেটর | হাইড্রোকার্বন ইউনিট দেশের সকল জ্বালানির হিসাব করে জ্বালানি নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রাকৃতিক গ্যাস, তেল, কয়লা সহ বিভিন্ন জ্বালানির ইউনিট বিভিন্ন হওয়ায় সকল জ্বালানিকে একটি কমন ইউনিটে এনে দেশের মোট জ্বালানির হিসাব করার জন্য হাইড্রোকার্বন ইউনিট এনার্জি ক্যাল্কুলেটর এর আইডিয়া গ্রহণ করে। এই এনার্জি ক্যালকুলেটর জ্বালানি সংশ্লিষ্ট সকলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি টুল। | কার্যকর আছে | পাচ্ছে | https://docs.google.com/spreadsheets/d/1-e0ZETQ7qKZP8ejtpdzQ3C-1Y-8BsUBK5rSPP7oHfnA/edit#gid=0 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর সংস্থার জন্য অন্তর্বর্তীকালীন ড্যাসবোর্ড | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল তথ্য একটি কমন প্লাটফর্মে এনে জ্বালানি সংক্রান্ত যেকোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়া যেন সহজ হয়, সেই লক্ষ্যে হাইড্রোকার্বন ইউনিট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর /সংস্থার জন্য একটি অন্তর্বতীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড প্রস্তুত করেছে। | কার্যকর আছে | পাচ্ছে | http://dashboardtrial.agvcorp.biz | |
| ০৩. | আইডিয়া ব্যাংক | হাইড্রোকার্বন ইউনিট এর যেকোন সেবা এবং দেশের জ্বালানি সংক্রান্ত যেকোন পরামর্শ/আইডিয়া প্রদানের জন্য আইডিয়া ব্যাংক সেবা চালু করা হয়েছে। | কার্যকর আছে | পাচ্ছে | www.hcu.gov.bd | |
| ০৪. | ডিজিটাল গ্রন্থাগার সেবা | হাইড্রোকার্বন ইউনিট এর সকল স্টাডি, গবেষণা এবং জ্বালানি সংক্রান্ত প্রকাশনা ও প্রতিবেদনসহ লাইব্রেরিতে সংরক্ষিত সকল অর্জন ডিজিটাল গ্রন্থাগার হিসেবে প্রকাশ করা হয়েছে। এতে জ্বালানি সংক্রান্ত যেকোন গুরুত্বপূর্ণ প্রতিবেদন নির্দিষ্ট ফরম্যাটে আবেদন করে এক্সেস করার ব্যবস্থা রয়েছে। | কার্যকর আছে | পাচ্ছে | https://sites.google.com/hcu.org.bd/e-library/home | |
| ০৫. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রণীত আইন, বিধি ও নীতিমালার সংকলনের ই-বুক | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল আইন, বিধি ও নীতিমালার একটি সংকলন হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক প্রস্তুত করা হয়েছে। পরবর্তীতে হার্ডকপির পাশাপাশি সকলেই যেন ডিজিট্যালি এই সংকলন ব্যবহার করতে পারে সেই লক্ষ্যে এর ই-বুক প্রকাশ করা হয়েছে। | কার্যকর আছে | পাচ্ছে | https://sites.google.com/hcu.org.bd/ebookhcu/home | |
| ০৬. | Online Data Server Management System | হাইড্রোকার্বন ইউনিটের অধিকাংশ কার্যক্রম ডাটা সংক্রান্ত হওয়ায় সার্বক্ষণিক তথ্য আদান-প্রদান/হালনাগাদ/ক্যালকুলেশন এর সুবিধার্থে অনলাইনে অফিসের কম্পিউটারে যুক্ত থাকা প্রয়োজন। হাইড্রোকার্বন ইউনিটের সকল কার্যক্রম একটি Data Server এর মাধ্যমে সম্পাদন এবং সংরক্ষণ করা হয়। করোনাকালীন পরিস্থিতিতে অন্যান্য দপ্তর/সংস্থা ঘরে বসে অফিস কার্যক্রম সম্পাদন করতে পারলেও ডাটা সংক্রান্ত প্রায় সকল ডকুমেন্ট Data Server এ সংরক্ষিত থাকায় এবং Data Server অনলাইনে সংযুক্ত না থাকায় (শুধু অফিসে অবস্থিত কম্পিউটার থেকেই Data Server access করা যায়) অফিসের বাইরে থেকে কোন ডকুমেন্ট পেতে কর্মকর্তাদের সমস্যা হয়। এ প্রেক্ষাপটে "Online Data Server Management System" এর ধারণার উৎপত্তি হয় যার মাধ্যমে হাইড্রোকার্বন ইউনিট এর কর্মকর্তাগণ শুধুমাত্র তাদের E-mail Id ও Password এর মাধ্যমে শুধুমাত্র Registered Device (Laptop/Mobile) থেকে | কার্যকর আছে | পাচ্ছে | এটি অভ্যন্তরীণ সেবা। কোনো লিংক প্রযোজ্য নয় | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | শুধু অফিসে অবস্থিত কম্পিউটারে যুক্ত হয়ে Data Server Access করতে পারে। এ কাজের জন্য TeamViewer Software ব্যবহার করা হয় কারণ TeamViewer এর Security ব্যবস্থা এ সংক্রান্ত অন্যান্য Software থেকে ভাল। এতে একদিকে হাইড্রোকার্বন ইউনিট এর সার্বিক কার্যক্রম সহজতর হয়েছে এবং TeamViewer Software এ শুধুমাত্র Registered E-mail Id ও Password দ্বারা সংযুক্ত করায় Data এর নিরাপত্তাও নিশ্চিত হয়েছে। | | | | |
| ০৭. | Personal Information Management System | হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা কর্মচারীদের ব্যক্তিগত তথ্য সংক্রান্ত নথিসেবা সহজিকরণের লক্ষ্যে “Personal Information Management System” শীর্ষক Software প্রস্তুত করা হয়েছে।<br>পূর্বে এ সংক্রান্ত কার্যক্রম হার্ড ফাইলে করা হত।<br>PIMS Software এ ০২টি মডিউল রয়েছে ১। Admin ২। User<br>মহাপরিচালক মহোদয় অথবা তার মনোনীত কর্মকর্তা Admin হিসেবে দায়িত্ব পালন করবেন। তার কাছে Admin এর ID ও Password থাকবে।<br>User হিসেবে সকল কর্মকর্তা/কর্মচারীর পৃথক পৃথক ID ও Password রয়েছে। কোন কর্মকর্তা/কর্মচারী তার ব্যক্তিগত নথিতে কোন তথ্য সংযোজন/বিয়োজন/পরিবর্তন করতে চাইলে উপযুক্ত প্রমাণকসহ User ID দ্বারা আবেদন করেন। উক্ত আবেদন Admin বরাবর স্বয়ংক্রিয়ভাবে প্রেরিত হয় এবং Admin তথ্য যাচাই-বাছাই পূর্বক অনুমোদন অথবা নথিজাত করেন। | কার্যকর আছে | পাচ্ছে | এটি অভ্যন্তরীণ সেবা। কোনো লিংক প্রযোজ্য নয় | |
| ০৮. | Inventory Management Software | হাইড্রোকার্বন ইউনিটের যাবতীয় অফিস সামগ্রীর হিসাব নিকাশ ডিজিটালী করার জন্য এবং কর্মকর্তা/কর্মচারীদের প্রদত্ত যাবতীয় Requisition অনলাইনভিত্তিক করার লক্ষ্যে একটি Inventory Management Software প্রস্তুত করা হয়েছে। এর ফলে এতদিন যাবৎ করা ম্যানুয়াল হিসাব নিকাশ ও Requisition ডিজিটালী করা সম্ভব হবে। উক্ত Stock/Inventory Management Software এ ০৩টি মডিউল রয়েছে। | কার্যকর আছে | পাচ্ছে | এটি অভ্যন্তরীণ সেবা। কোনো লিংক প্রযোজ্য নয় | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ০১। Approver ০২। Store Manager ০৩। User<br>হাইড্রোকার্বন ইউনিট এর সকল শাখার জন্য পৃথক User ID ও Password থাকবে। কর্মকর্তা/কর্মচারীগণ স্ব-স্ব শাখার মাধ্যমে প্রয়োজনীয় সামগ্রীর জন্য Requisition Submit করবেন। Submit করার সাথে সাথে তা Approver (মহাপরিচালক মহোদয় অথবা তার মনোনীত কর্মকর্তা) এর কাছে চলে যাবে। Approver চাহিত Requisition অপরিবর্তিত রেখে অথবা কম/বেশি করে এবং Availability যাচাই করে Approve অথবা Disapprove করতে পারবেন। Disapprove করলে উক্ত Requisition নথিজাত হয়ে যাবে। আর Approve করলে তা Store Manager এর নিকট চলে যাবে এবং Store Manager চাহিত পণ্য সরবরাহ করবেন। কোন পণ্য শেষ হয়ে গেলে Store Manager পণ্যটি যোগ করার জন্য Requisition প্রদান করবেন এবং Approver প্রয়োজন মোতাবেক যোজন/বিয়োজন করে পণ্যটি Stock Software এ যোগ করার জন্য Approve করবেন। | | | | |
| ০৯. | গ্রন্থাগার ব্যবহার সংক্রান্ত আবেদন প্রক্রিয়া সহজিকরণ | হাইড্রোকার্বন ইউনিট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক সংস্থা। দেশের জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত রিপোর্ট, মাসিক ও বার্ষিক প্রকাশনা, আইন, বিধি ও নীতিমালার সংকলনসহ গুরুত্বপূর্ণ বই/পুস্তক হাইড্রোকার্বন ইউনিটের গ্রন্থাগারে রয়েছে। যা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/সংস্থা/কোম্পানী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষক ও শিক্ষার্থীগণ নানাবিধ কাজ/গবেষণার জন্য ব্যবহার করে থাকেন। বিদ্যমান পদ্ধতি অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের গ্রন্থাগার ব্যবহারের অনুমতির জন্য মহাপরিচালক বরাবর লিখিত আবেদন করতে হয়। অফিস কর্তৃক আবেদন গ্রহণ/বাতিলের সিদ্ধান্ত আবেদনকারীকে লিখিতভাবে জানানো হয় (আবেদন গৃহিত হলে সময় ও তারিখসহ)। একান্ত প্রয়োজনে আবেদক্কারিকে তা অফিসে এসে সংগ্রহ করতে হয়। যা সময় সাপেক্ষ ও ব্যয়বহুল। প্রস্তাবিত পদ্ধতি অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের গ্রন্থাগার ব্যবহারের অনুমতির জন্য মহাপরিচালক বরাবর আবেদন | কার্যকর আছে | পাচ্ছে | https://docs.google.com/forms/d/e/1FAIpQLSdVcZojU0erEtKb6dJsfVL3yCVBNPADjHlLqVgDlJYSXJ1DOg/viewform | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | অনলাইনে নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে সম্পন্ন করা হবে। নির্ধারিত ফরমটি হাইড্রোকার্বন ইউনিটের ওয়েবসাইট এ দেয়া থাকবে। অফিস কর্তৃক আবেদন গ্রহণ/বাতিলের সিদ্ধান্ত আবেদনকারীকে ফরমে প্রদত্ত ইমেইল এর মাধ্যমে জানানো হবে (আবেদন গৃহিত হলে সময় ও তারিখসহ)। যাতে আবেদনকারীর সময় ও খরচ সাশ্রয় হবে ও সেবার গুনগত মান বাড়বে। | | | | |

28/12/2026
মোঃ নাজমুল হক
সহকারী পরিচালক (পরিকল্পনা)
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

28.12.26
শিহাব মাহমুদ
উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

28/12/2026
মোঃ শামীম খান
মহাপরিচালক (যুগ্মসচিব)
হাইড্রোকার্বন ইউনিট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ